অবিলম্বে প্রকাশের উদ্দেশ্যে: 5/23/2023 **গভর্নর ক্যাথি হোকল**

গভর্নর হোকল ঘোষণা করলেন স্কেনেকট্যাডি কাউন্টিতে একটি অনশোর উইন্ড নাসেল প্রস্তুতকারী কর্মকাণ্ড চিহ্নিত করার জন্য GE ভারনোভা 50 মিলিয়ন মার্কিন ডলার বিনিয়োগ করবে

প্রকল্পটি নিউ ইয়র্ক স্টেটের দেশের সেরা জলবায়ু এজেন্ডাকে বলীয়ান করবে, এটি দেশের সর্বাধিক আগ্রাসী জলবায়ু ও পরিচ্ছন্ন শক্তি উদ্যোগ

GE ভারনোভা ক্যাপিটল রিজিয়নে কম পক্ষে 160টি নতুন চাকরি তৈরির ব্যাপারে প্রতিশ্রুতিবদ্ধ

গভর্নর ক্যাথি হোকল আজকে ঘোষণ করলেন যে স্কেনেকট্যাডিতে একটি অনশোর উইন্ড নাসেল প্রস্তুতকারী কর্মকাণ্ড চিহ্নিত করার জন্য GE ভারনোভা (GE Vernova) 50 মিলিয়ন মার্কিন ডলার বিনিয়োগ করবে, যা কম পক্ষে 160টি নতুন পূর্ণকালীন, নবায়নযোগ্য শক্তির চাকরি তৈরি করবে। এই ঘোষণাটি সবুজ অর্থনীতির বিকাশ, গ্রিনহাউজ গ্যাস নিঃসরণ হ্রাস, এবং জলবায়ু পরিবর্তনের বিরুদ্ধে লড়াইয়ে জাতীয়ভাবে শীর্ষে থাকার জন্য নিউ ইয়র্ক স্টেটের প্রয়াসসমূহের সম্পূরক।

"নিউ ইয়র্ক স্টেটে জেনারেল ইলেকট্রিকের (General Electric, GE) একটি দীর্ঘ এবং প্রসিদ্ধ ইতিহাস রয়েছে এবং এক শতকের বেশি সময় ধরে এটি অত্যাধুনিক উদ্ভাবনের শীর্ষে আছে," **গভর্নর হোকল বলেন।** "বায়ু প্রযুক্তির একটি শীর্ষ প্রস্তুতকারক কেন্দ্র হয়ে উঠা এবং আমাদেরকে আমাদের দেশের শীর্ষ জলবায়ু লক্ষ্যের কাছে নিয়ে যাওয়া, বহু প্রজন্মের জন্য একটি উত্তম ও পরিচ্ছন্নতর ভবিষ্যৎ নিশ্চিত করার জন্য নিউ ইয়র্কের ভিশন বাস্তবায়ন করতে GE ভারনোভার সাথে অংশীদারিত্ব করতে পেরে আমরা গর্বিত।"

GE ভারনোভার প্রধান নির্বাহী কর্মকর্তা স্কট স্ট্রাজিক বলেন, "সাম্প্রতিক অভ্যন্তরীণ বিষয়বস্তুর নির্দেশনার জন্য আমরা প্রশাসনের প্রশংসা করছি, এটি আমাদেরকে দারুণ এই প্রকল্প অগ্রসর করার ব্যাপারে নিশ্চয়তা প্রদান করে এবং আমরা অতিরিক্ত সমর্থক নির্দেশনা পেতে উন্মুখ। নিউ ইয়র্কে বায়ু টারবাইন উপাদান একত্রীকরণ, এবং আনুমানিক 200 নতুন চাকরি আনার মাধ্যমে আরো পরিচ্ছন্ন শক্তি প্রযুক্তি গঠন ও উদ্ভাবন অব্যাহত রাখার মাধ্যমে আমাদের আমেরিকান প্রস্তুতকারক পদচিহ্ন সম্প্রসারিত করতে পেরে আমরা গর্বিত। এই স্টেট এবং

ক্যাপিটল রিজিয়ন GE এর ইতিহাসের একটি গুরুত্বপূর্ণ অংশ এবং এই বিনিয়োগটি ভবিষ্যতে শক্তি রূপান্তর চালনা করতে স্কেনেকট্যাডির ভূমিকা জোরদার করবে।"

GE ফ্যাসিলিটি সংস্কারে এবং নতুন মেশিনারি ও সরঞ্জামে বিনিয়োগ করবে যা কোম্পানির 6.1 মেগাওয়াট অনশোর বায়ু টারবাইনসমূহের জন্য নাসেল উৎপাদনকে সমর্থন করবে। নাসেল হলো টারবাইনের সেই অংশ যেখানে বায়ুর গতিশক্তিকে যান্ত্রিক শক্তিকে রূপান্তরিত করে বিদ্যুৎ উৎপাদনকারী জেনারেটরে পরিবর্তন করার উপাদানসমূহ ধারণ করা হয়। GE ভারনোভা যেই ভব না স্টিম টারবাইন ও জেনারেটর তৈরি করা অব্যাহত রেখেছে সেখানে প্রস্তুতকারক একত্রীকরণ লাইনটি স্থাপিত হবে। 200টি সম্ভাব্য পদ নিয়ে কম পক্ষে 160টি চাকরি তৈরি ও ধরে রাখার সমর্থন করার জন্য এম্পায়ার স্টেট ডেভেলপমেন্ট (Empire State Development, ESD) 2.5 মিলিয়ন মার্কিন ডলার পারফর্ম্যান্সভিত্তিক সবুজ এক্সেলসিয়র কর্মসংস্থান কর ক্রেডিট প্রদান করতে সম্মত হয়েছে।

এম্পায়ার স্টেট ডেভেলপমেন্টের প্রেসিডেন্ট, প্রধান নির্বাহী কর্মকর্তা এবং কমিশনার হোপ নাইট বলেন, "গভর্নর হোকলের নেতৃত্বাধীনে, সবুজ অর্থনীতিকে বিকাশ করতে এবং নিউ ইয়র্ক স্টেটে ভালো বেতনের প্রস্তুতকারক চাকরি নিয়ে আসতে ESD গভীর মনোযোগ প্রদান করছে। নবায়নযোগ্য শক্তি প্রযুক্তি বিকাশের ক্ষেত্রে এবং গোটা বিশ্বে পরিচ্ছন্ন, নবায়নযোগ্য শক্তি প্রদানের ব্যাপারে GE বৈশ্বিকভাবে শীর্ষে আছে, এবং তারা স্কেনেকট্যাডিতে তাদের লিগেসির বিকাশ অব্যাহত রাখতে চায় দেখে আমরা আনন্দিত।"

নিউ ইয়র্ক স্টেটের এনার্জি রিসার্চ ও ডেভেলপমেন্ট কর্তৃপক্ষের (New York State Energy Research and Development Authority, NYSERDA) প্রেসিডেন্ট এবং প্রধান নির্বাহী কর্মকর্তা ডোরিন এম. হ্যারিস বলেন, "গভর্নর হোকলের নেতৃত্বে আমরা নবায়নযোগ্য শক্তি অগ্রসর করার ব্যাপারে দেশের শীর্ষে নিউ ইয়র্কের অবস্থানকে পাকাপোক্ত করার কাজ করছি, তাই আমরা আমাদের হোম স্টেটে নবায়নযোগ্য শক্তির শিল্পখাতকে সমৃদ্ধ করবে এমন বেসরকারি-সরকারি অংশীদারিত্বকে আকৃষ্ট ও বিকশিত করা অব্যাহত রাখবো। উইন্ড নাসেল উৎপাদনে GE ভারনোভার বিনিয়োগ হলো ক্যাপিটাল রিজিয়নের জন্য বড় একটি বিজয় যা নতুন সবুজ কর্মসংস্থান সৃষ্টি করবে এবং একই সাথে আমাদের পরিচ্ছন্ন শক্তির রূপান্তরকে সমর্থন করবে।"

নিউ ইয়র্কের 120টি বড় আকারের নবায়নযোগ্য শক্তি ও ট্রান্সমিশন প্রকল্পের একটি বলীয়ান পাইপলাইন রয়েছে, যার কাজ শেষ হলে গ্রিডে 14,200 মেগাওয়াটের বেশি নতুন পরিচ্ছন্ন শক্তি যোগ হবে বলে আশা করা যাচ্ছে — এটি নিউ ইয়র্কের সাড়ে পাঁচ মিলিয়ন বাসার জন্য পর্যাপ্ত শক্তি। স্টেটজুড়ে ইতোমধ্যে চলমান 250 মাইল দীর্ঘ নতুন বৃহৎ আপগ্রেড এবং এপ্রিল মাসে অনুমোদিত হওয়া ক্লিন পাথ নিউ ইয়র্ক (Clean Path New York) এবং চ্যামপ্লেইন হাডসন পাওয়ার এক্সপ্রেস (Champlain Hudson Power Express) বিতরণ লাইন সহ, নতুন নির্মল শক্তি বিতরণ ব্যবস্থা গড়ে তোলার জন্য স্টেটের অঙ্গীকারাবদ্ধতা নবায়নযোগ্য শক্তির বর্তমান পাইপলাইনকে কার্যক্রম শুরুর পরে নিউ ইয়র্কের বিদ্যুৎ চাহিদার 66 শতাংশেরও বেশি নবায়নযোগ্য উৎস থেকে সরবরাহ করার সুযোগ করে দেবে। এই নবায়নযোগ্য শক্তির পোর্টফোলিওটি NYSERDA-এর ষষ্ঠ প্রতিযোগিতামূলক সলিসিটেশন অনুযায়ী শক্তিশালী হবে যা

2,000 মেগাওয়াট বা তার বেশি নতুন বৃহৎ-আকারের নবায়নযোগ্য শক্তি ভিত্তিক প্রকল্পের আহ্বান জানিয়ে গত সেপ্টেম্বরে ঘোষণা করা হয়েছিল যা বেসরকারি নবায়নযোগ্য শক্তি বিকাশকারীদের জন্য স্টেটের চুক্তিবদ্ধ সুযোগগুলোর পূর্বাভাসযোগ্য ধারা বজায় রাখে। NYSERDA 2023 সালের গ্রীষ্মে অনুদান ঘোষণা করার জন্য প্রত্যাশা করছে।

স্কেনেকট্যাডি কাউন্টি আইনসভার প্রধান অ্যান্থনি জ্যাসেনস্কি বলেন, "স্কেনেকট্যাডি কাউন্টি এই 50 মিলিয়ন মার্কিন ডলার বিনিয়োগ এবং GE এর মূল ক্যাম্পাসের ভবন 273 এ 200 নতুন চাকরিকে স্বাগত জানাচ্ছে। আমাদের সম্প্রদায়ে নতুন এই টারবাইন পণ্য লাইন এবং ভালো বেতনের চাকরি আনতে তাদের দুর্দান্ত প্রয়াসের জন্য আমি গভর্নর হোকল এবং এম্পায়ার স্টেট ডেভেলপমেন্টকে ধন্যবাদ জানাতে চাই। এছাড়াও GE ভারনোভা যখন একটি সবুজ শক্তির ভবিষ্যতে রূপান্তরের ব্যাপারে নেতৃত্ব দিয়ে যাচ্ছে তখন গুরুত্বপূর্ণ এই নতুন অ্যাসাইনমেন্ট পাওয়ার জন্য স্কেনেকট্যাডিকে নির্বাচন করার জন্য আমরা GE ভারনোভা এর প্রধান নির্বাহী কর্মকর্তা স্কট স্ট্রাজিককে এবং তার রিনিউয়েবল এনার্জির দলকেও ধন্যবাদ জানাতে চাই।"

স্কেনেকট্যাডির মেয়র গ্যারি ম্যাককার্থি বলেন, "স্কেনেকট্যাডি ক্যাম্পাসকে প্রতিযোগিতায় রাখার জন্য মেয়র হিসেবে আমার প্রথম দিন থেকেই আমি GE এবং কোম্পানির নিবেদিত কর্মীদের সাথে ঘনিষ্ঠভাবে কাজ করেছি যাতে নতুন বিনিয়োগ এবং নতুন পণ্য লাইনকে আমরা আকৃষ্ট করতে পারি। স্কেনেকট্যাডিতে আমাদের এখানকার GE ক্যাম্পাস যে বায়ু টারবাইনের পরবর্তী প্রজন্ম গঠন করতে সাহায্য করবে আজকের সেই দুর্দান্ত সংবাদের জন্য আমরা গভর্নর হোকল, এম্পায়ার স্টেট ডেভেলপমেন্ট এবং GE ভারনোভাকে ধন্যবাদ জানাচ্ছি।এর অর্থ হচ্ছে নিউ ইয়র্ক স্টেটে এবং গোটা বিশ্বে যে শক্তি রূপান্তর হচ্ছে তার একটি মুখ্য অংশ হবে স্কেনেকট্যাডি।"

নিউ ইয়র্ক স্টেটের দেশের-নেতৃস্থানীয় জলবায়ু পরিকল্পনা
নিউ ইয়র্ক স্টেটের দেশের-নেতৃস্থানীয় জলবায়ু এজেন্ডা একটি সুশৃঙ্খল ও ন্যায্য পরিবর্তনের দাবি জানায় যেটি পরিবার চালানোর উপযোগী কর্মসংস্থান তৈরি করবে, সব খাতে সবুজ অর্থনীতি লালন করা অব্যাহত রাখবে এবং নির্মল জ্বালানি সংক্রান্ত বিনিয়োগের 40 শতাংশ সুফল পৌঁছে দেওয়ার লক্ষ্য স্থির রেখে অন্তত 35 শতাংশ যেন সুবিধাবঞ্চিত সম্প্রদায়গুলোর কাছে পৌঁছায় তা নিশ্চিত করবে। দেশের সব থেকে আগ্রাসী কিছু জলবায়ু ও পরিচ্ছন্ন শক্তি উদ্যোগসমূহ দ্বারা নির্দেশিত হয়ে নিউ ইয়র্ক 2040 সালের মধ্যে নিঃসরণমুক্ত বিদ্যুৎখাত অর্জনের পথে রয়েছে, যার মধ্যে রয়েছে 2030 সালের মধ্যে 70 শতাংশ নবায়নযোগ্য শক্তি উৎপাদন এবং শতাব্দীর অর্ধেক পার হওয়ার পূর্বে অর্থনীতিব্যাপী কার্বন নিরপেক্ষতা অর্জন। এই পরিবর্তনের একটি ভিত্তি হলো নিউ ইয়র্কের অভূতপূর্ব নির্মল জ্বালানি বিনিয়োগ, যার মধ্যে রয়েছে স্টেট জুড়ে 120টি বড়-মাত্রার নবায়নযোগ্য ও বিতরণের প্রকল্পে 35 বিলিয়ন ডলারের বেশি, বিল্ডিং থেকে নির্গমন হ্রাস করার জন্য 6.8 বিলিয়ন ডলার, সৌর বিদ্যুতের মাত্রা বৃদ্ধি করার জন্য 1.8 বিলিয়ন ডলার, নির্মল পরিবহন উদ্যোগের জন্য 1 বিলিয়ন ডলারের বেশি, এবং NY গ্রীন ব্যাংক-এর প্রতিশ্রুতিতে 1.8 বিলিয়ন ডলারের বেশি বিনিয়োগ। এগুলো এবং অন্যান্য বিনিয়োগ 2021 সালে নিউ ইয়র্কের নির্মল জ্বালানি খাতে 165,000 এরও বেশি চাকরি, এবং 2011 সাল থেকে বিতরণকৃত সৌর খাতে 2,100 শতাংশ প্রবৃদ্ধি সমর্থন করছে।

এছাড়া, গ্রিনহাউস গ্যাস নির্গমন কমানো এবং বায়ুর মান উন্নত করার জন্য, নিউ ইয়র্ক শূন্য-নির্গমনসম্পন্ন যানবাহন সম্পর্কিত বিধিমালা গ্রহণ করেছে, যার মধ্যে 2035 সালের মধ্যে স্টেটে বিক্রি হওয়া সব যাত্রীবাহী গাড়ি ও ট্রাক শূন্য-নির্গমনসম্পন্ন হওয়া আবশ্যক হওয়ার বিষয়টি অন্তর্ভুক্ত রয়েছে। প্রায় 400 নিবন্ধিত এবং 100 প্রত্যয়িত জলবায়ু স্মার্ট সম্প্রদায় (Climate Smart Communities), প্রায় 500 পরিচ্ছন্ন শক্তি সম্প্রদায় (Clean Energy Communities), এবং বায়ু দূষণে হস্তক্ষেপ করতে সাহায্য করার জন্য এবং জলবায়ু পরিবর্তনের সাথে লড়াই করার জন্য স্টেটব্যাপী 10টি সুবিধাবঞ্চিত সম্প্রদায়ে স্টেটের বৃহত্তম সমপর্যায়ের বায়ু পর্যবেক্ষণ উদ্যোগ নিয়ে অংশীদারিত্বসমূহ নিউ ইয়র্কের জলবায়ু কর্মকাণ্ডকে অগ্রসর করা অব্যাহত রেখেছে।

GE রিনিউয়েবল এনার্জির ব্যাপারে
GE ভারনোভা শক্তি ব্যবসার পোর্টফোলিওর একটি অবিচ্ছেদ্য অংশ, GE রিনিউয়েবল এনার্জি (GE Renewable Energy) হলো প্রায় 13 বিলিয়ন মার্কিন ডলারের একটি ব্যবসা যা নির্ভরযোগ্য ও সাশ্রয়ী সবুজ শক্তি অনুসন্ধান করে আমাদের এমন গ্রাহকদের জন্য এন্ড-টু-এন্ড সমাধান প্রদান করার জন্য নবায়নযোগ্য শক্তি শিল্পখাতের সবথেকে সম্প্রসারিত পোর্টফোলিওকে সম্মিলিত করে। অনশোর এবং অফশোর বায়ু, ব্লেড, হাইড্রো, স্টোরেজে, ইউটিলিটি স্কেলের সোলার , এবং গ্রিড সমাধান এবং একই সাথে হাইব্রিড নবায়নযোগ্য ও ডিজিটাল সেবার সেবাসমূহকে একত্রিত করার মাধ্যমে, GE রিনিউয়েবল এনার্জি 400+ গিগাওয়াটের বেশি পরিচ্ছন্ন নবায়নযোগ্য শক্তি স্থাপন করেছে এবং এর গ্রিড সমাধান দ্বারা বিশ্বব্যাপী 90 শতাংশের বেশি ইউটিলিটিকে সজ্জিত করেছে। 80টি দেশে 36,000 এর বেশি উপস্থিত কর্মী নিয়ে, GE রিনিউয়েবল এনার্জি বিশ্বকে সাশ্রয়ী, নির্ভরযোগ্য এবং টেকসই সবুজ ইলেকট্রন দ্বারা শক্তি প্রদান করতে ইচ্ছুক গ্রাহকদের জন্য মূল্য সৃষ্টি করে।

GE ভারনোভা একটি গতিশীল অ্যাক্সিলারেটর যা গঠিত হইছে আমাদের পাওয়ার, রিনিউয়েবল এনার্জি, ডিজিটাল এবং এনার্জি ফাইন্যান্সিয়াল সার্ভিসেস ব্যবসাগুলি নিয়ে, এর উদ্দেশ্য হলো বৈশ্বিক শক্তি রূপান্তরের সময় গ্রাহকদের রূপান্তরকে সমর্থন করা।

###

আরো সংবাদ এখানে পাওয়া যাবে: www.governor.ny.gov
নিউ ইয়র্ক স্টেট | এক্সিকিউটিভ চেম্বার | press.office@exec.ny.gov | 518.474.8418

আনসাবস্ক্রাইব করুন